Sample University Question Papers (Bengali)

BNGA

X(5th Sm.)-Bengali-H/CC-12/CBCS

২০২২

# বাংলা — সাম্মানিক

পঞ্চম সেমেস্টার

পত্র : CC-12

(নাটক ও নাট্যমঞ্চ)

পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) প্রহসন হিসেবে 'বুড় সালিকের ঘাড়ে রোঁ' কতটা সার্থকতা দাবি করে, লেখো। ১০

*অথবা,*

(খ) 'মুক্তধারা' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো। ১০

২। (ক) একাঙ্ক নাটক হিসাবে 'কারাগার' নাটকের সার্থকতা বিচার করো। ১০

*অথবা,*

(খ) 'টিনের তলোয়ার' নাটকের ময়না চরিত্রটির অভিনবত্ব নির্দেশ করো। ১০

৩। (ক) বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে 'ন্যাশানাল থিয়েটার' (১ম পর্বের) অবদান আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) গণনাট্য আন্দোলনের পরিপ্রেক্ষিত ও বৈশিষ্ট্যগুলি লেখো। ১০

৪। (ক) 'বুড় সালিকের ঘাড়ে রোঁ' নাটকে হানিফ গাজীর চরিত্রের বৈশিষ্ট্যগুলি নিজের ভাষায় আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) "বুঝেছি, সেই মুক্তিতে তিনি মুক্তি পেয়েছেন।" — প্রসঙ্গ নির্দেশ করে উক্তিটির তাৎপর্য বুঝিয়ে দাও। ৫

৫। (ক) 'কারাগার' নাটকে চন্দনা চরিত্রের গুরুত্ব আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) "আমি বাংলার গ্যারিক।" — উক্তিটি কার? এরূপ মন্তব্যের কারণ কী? ৫

৬। টীকা লেখো— (ক) নবীন বসুর শ্যামবাজার থিয়েটার

*অথবা,*

(খ) বাগবাজার অ্যামেচার থিয়েটার ৫

Please Turn Over

৭। *যে-কোনো একটি* প্রশ্নের উত্তর দাও। ৫×১

(ক) "সময় এখনই এসেছে, এই কথাই জানি, কিন্তু সময় আবার আসবে কিনা সেকথা কেউ জানি নে।" — তাৎপর্য বোঝাও।

(খ) "কারাগার আজ পুণ্যতীর্থ।" — প্রেক্ষিত উল্লেখ করে উদ্ধৃতিটির তাৎপর্য লেখো।

(গ) নাট্য নিয়ন্ত্রণ বিল-এর, ঐতিহাসিক গুরুত্ব নির্দেশ করো।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) 'বুড় সালিকের ঘাড়ে রোঁ' কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?

(খ) ন্যাশানাল থিয়েটারের দ্বিতীয় পর্ব বলতে কোন সময়কালকে নির্দেশ করা হয়?

(গ) 'সঞ্জয়' কোন নাটকের চরিত্র?

(ঘ) উগ্রসেন কে ছিলেন?

(ঙ) "দুহাত তুলে আকাশ পানে/মেতেছ আজ কিসের গানে?" — গানটি কোন নাটকের?

(চ) 'কারাগার' নাটকের প্রকাশকাল লেখো।

(ছ) লেবেডেফ কবে, কোথায় নাট্যশালা প্রতিষ্ঠা করেন?

(জ) 'বেলগাছিয়া নাট্যশালা'র একজন উদ্যোগীর নাম লেখো।

(ঝ) বিজন ভট্টাচার্যের 'নবান্ন' নাটকের প্রথম অভিনয় কবে হয়?

(ঞ) 'টিনের তলোয়ার' নাটকে কোন নাটকের অভিনয়ের কথা বলা হয়েছে?

(ট) "নাটক ছাড়া আমি ভাবতে পারি না।" — উক্তিটি কার?

(ঠ) 'বুড় সালিকের ঘাড়ে রোঁ' নাটকের খসড়া নাম কী ছিল?

(ড) "আমার জীবনের শ্রোতা রাজবাড়ির পাথর ডিঙিয়ে চলে যাবে, এই কথাটা কানে নিয়েই পৃথিবীতে এসেছি।" — কে বলেছেন?

(ঢ) শম্ভু মিত্র প্রতিষ্ঠিত নাট্যদলটির নাম লেখো।

(ণ) বেলগাছিয়া নাট্যশালায় প্রথম অভিনীত নাটকের নাম লেখো।

# ২০২২

## বাংলা - সাধারণ

প্রথম সেমেস্টার

পত্র : GE/CC-1

[বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ)]

পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) বাংলা গদ্যসাহিত্যের বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের অবদান আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) প্রাবন্ধিক রবীন্দ্রনাথ ঠাকুরের সংক্ষিপ্ত পরিচয় নিজের ভাষায় লেখো। ১০

২। (ক) বাংলা কাব্য-কবিতার ধারায় কবি কাজী নজরুল ইসলামের অবদান আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) বাংলা পৌরাণিক নাট্যসাহিত্যের ধারায় গিরিশচন্দ্র ঘোষের অবদান বিচার করো। ১০

৩। (ক) ঔপন্যাসিক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের সামাজিক উপন্যাসগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

*অথবা,*

(খ) বাংলা ছোটগল্পের ইতিহাসে মানিক বন্দ্যোপাধ্যায়ের অবদান আলোচনা করো। ১০

৪। (ক) বাংলা গদ্যসাহিত্যের বিকাশে অক্ষয়কুমার দত্তের ভূমিকার সংক্ষিপ্ত মূল্যায়ন করো। ৫

*অথবা,*

(খ) বাংলা গদ্যসাহিত্যের ইতিহাসে 'হুতোম প্যাঁচার নকশা'-র গুরুত্ব নির্দেশ করো। ৫

৫। (ক) প্রহসন রচনায় মাইকেল মধুসূদন দত্তের কৃতিত্বের পরিচয় দাও। ৫

*অথবা,*

(খ) যতীন্দ্রনাথ সেনগুপ্তকে 'দুঃখবাদী' কবি বলা হয় কেন? ৫

Please Turn Over

৬। (ক) ঔপন্যাসিক তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের প্রধান বৈশিষ্ট্যগুলি সূত্রাকারে লেখো। ৫

*অথবা,*

(খ) বাংলা ছোটগল্পের ইতিহাসে শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো। ৫

৭। *যে-কোনো একটি* টীকা লেখো। ৫×১

(ক) শ্রীরামপুর মিশন

(খ) রক্তকরবী

(গ) পথের পাঁচালী।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) ফোর্ট উইলিয়াম কলেজের একজন বাংলা অধ্যাপকের নাম লেখো।

(খ) 'সতীদাহ প্রথা' রদ হওয়ার পেছনে কোন বাঙালি উল্লেখযোগ্য ভূমিকা গ্রহণ করেছিলেন? [redacted]

(গ) বিদ্যাসাগরের 'ভ্রান্তিবিলাস' কোন ইংরেজি গ্রন্থের অনুবাদ?

(ঘ) বাংলা অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক কে?

(ঙ) প্রমথ চৌধুরীর একটি প্রবন্ধ গ্রন্থের নাম লেখো।

(চ) 'সারদামঙ্গল' কাব্য কার লেখা?

(ছ) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের একটি কাব্যগ্রন্থের নাম লেখো।

(জ) সুভাষ মুখোপাধ্যায়ের প্রথম কাব্যগ্রন্থের নাম লেখো।

(ঝ) রবীন্দ্রনাথ ঠাকুরের একটি রাজনৈতিক উপন্যাসের নাম লেখো।

(ঞ) বিদ্যাসাগরের আত্মজীবনীমূলক গ্রন্থটির নাম লেখো।

(ট) 'পুতুলনাচের ইতিকথা' উপন্যাসটি কার লেখা?

(ঠ) 'সাতটি তারার তিমির' কাব্যগ্রন্থটি কার লেখা?

(ড) 'মেবার পতন'-নাটকটি কার লেখা?

(ঢ) 'কবি' উপন্যাসটির রচয়িতা কে?

(ণ) 'বন্দীর বন্দনা' কাব্যটি কার লেখা?

Sample University Question Paper (Bengali)

X(3rd Sm.)-Bengali-H/SEC-A-2/CBCS

২০২২

# বাংলা — সাম্মানিক

তৃতীয় সেমেস্টার

পত্র : SEC-A-2

(ব্যবহারিক বাংলা - ১)

পূর্ণমান - ৮০

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। নিচের গল্পসূত্র থেকে কমবেশি ৩০০ শব্দে একটি কাহিনি নির্মাণ করো। ১০

রেলগাড়ির কামরা — হঠাৎ আলাপ — গল্প, হাসি, টুকরো মজা — নানারকম দৃশ্য দেখা — স্টেশনে স্টেশনে ট্রেন থামে — লোক নামে, ওঠে — একসময় একজনের গন্তব্যস্থল এসে যায় — বিচ্ছেদের মুহূর্ত আসে।

*অথবা,*

নিম্নলিখিত অংশটি অবলম্বনে একটি চিত্রনাট্য নির্মাণ করো। ১০

নিতাইয়ের মন কিন্তু কিছুতেই আকৃষ্ট হইল না। চাঁদের দিকে চাহিয়া সে ভাবিতেছিল— ঠাকুরঝির কথা, রাজনের কথা, যুবরাজের কথা, বণিক মাতুলের কথা, বিপ্রপদর কথা, কৃষ্ণচূড়া গাছটির কথা, স্টেশনটির কথা, গ্রামখানির কথা। মধ্যে মধ্যে ইচ্ছা হইতেছিল— পরের স্টেশনেই সে নামিয়া পড়িবে।

স্টেশন পার হইয়া গেল, কিন্তু সে নামিতে পারিল না। হঠাৎ একসময় সে অনুভব করিল— নিজের অজ্ঞাতসারেই তাহার চোখ কখন জলে ভরিয়া উঠিয়াছে, সে কাঁদিতেছে। চোখের জল মুছিয়া ফেলিয়া একটুখানি ম্লান হাসিয়া এতক্ষণে সে সচেতন হইয়া উঠিল। পরক্ষণেই স্বাভাবিক সুকণ্ঠে সে গান ধরিল— আহা! বার দুই-তিন তানা-না করিয়া সুর ভাঁজিয়া গান ধরিল—

“চাঁদ তুমি আকাশে থাক আমি তোমায় দেখব খালি;
ছুঁতে তোমায় চাইনাকো হে চাঁদ, তোমার সোনার অঙ্গে লাগবে কালি।”

বাজনদারটা নেশার মধ্যেও সজাগ হইয়া বসিয়া বলিল— বাহবা ওস্তাদ! গলাখানা পেয়েছিল বটে বাবা!...

গাহিতে গিয়া নিতাই পরের কলি বদলাইয়া দিল। মন যেন গানে ভরিয়া উঠিয়াছে, সুরে ফেলিলেই সে গান হইয়া বাহির হইয়া আসিতেছে—

“না না, তাও করো মার্জনা— আজ থেকে আর তাও দেখব না—
জানতাম নাকো এই কু'চোখের দিষ্টিতে বিষ দেয় হে ঢালি।”

স্টেশনের পর স্টেশন অতিক্রম করিয়া ট্রেন চলিয়াছিল। নিতাই গানখানা বার বার ফিরাইয়া ফিরাইয়া গাহিয়া চলিয়াছে। গাহিয়া যেন তাহার তৃপ্তি হইতেছে না।

২। (ক) কলাবৃত্ত ধ্বনিপ্রধান / মাত্রাবৃত্ত রীতির ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) আবৃত্তি কাকে বলে? আবৃত্তির বৈশিষ্ট্যগুলি লেখো। আবৃত্তির উপাদানগুলি কী কী? ৩+৪+৩

Please Turn Over

৩। (ক) 'পথের পাঁচালী' উপন্যাসের চলচ্চিত্রায়ণ মূল রচনাটিকে কীভাবে বিস্তার দান করেছে তা তোমার নিজের ভাষায় লেখো।

*অথবা,* ১০

(খ) বিংশ শতকে বাংলা উপন্যাসের চলচ্চিত্রায়ণ সম্পর্কে সাধারণ ধারণা দিয়ে শরৎচন্দ্রের যে-কোনো একটি উপন্যাসের সিনেমায় রূপান্তর বিষয়ে সংক্ষেপে লেখো।

৪। *যে-কোনো ছয়টি* প্রশ্নের উত্তর দাও। ১০

(ক) উদাহরণসহ দলবৃত্ত বা শ্বাসাঘাতপ্রধান ছন্দের তিনটি বৈশিষ্ট্য লেখো। ৫×৬

(খ) টীকা লেখো— যতি, পর্ব।

(গ) আবৃত্তিতে আবহসংগীত ও যন্ত্রানুসঙ্গ কতটা অপরিহার্য বলে তুমি মনে করো তা লেখো।

(ঘ) সুস্পষ্ট উচ্চারণ করার জন্য আবৃত্তিকারকে কী কী সতর্কতা অবলম্বন করতে হয়?

(ঙ) 'বাড়ি থেকে পালিয়ে' চলচ্চিত্রের কাঞ্চন চরিত্রটির পরিচয় দাও।

(চ) একটি গল্পের প্রয়োজনীয় বৈশিষ্ট্যগুলি লেখো।

(ছ) 'ক্ষুধিত পাষাণ' চলচ্চিত্রে নর্তকীর ভূমিকা সম্পর্কে লেখো।

(জ) নাট্যরূপ ও চিত্রনাট্যের পার্থক্য বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

(ক) 'পথের পাঁচালী' চলচ্চিত্রের সংগীত পরিচালক কে? ১×২০

(খ) বাংলায় নির্মিত প্রথম পূর্ণাঙ্গ নির্বাক সিনেমার নাম কী?

(গ) 'ক্ষুধিত পাষাণ' চলচ্চিত্রের পরিচালক কে?

(ঘ) 'বাড়ি থেকে পালিয়ে' চলচ্চিত্রের কাহিনিকার কে?

(ঙ) বাংলা ছন্দে দলের ক'টি বিভাগ ও কী কী?

(চ) পয়ারের একটি বৈশিষ্ট্য লেখো।

(ছ) স্পট লাইট কাকে বলে?

(জ) শিস্ ধ্বনি বলতে কী বোঝো?

(ঝ) সত্যজিৎ রায় পরিচালিত রবীন্দ্রনাথ ঠাকুরের উপন্যাস অবলম্বনে নির্মিত একটি চলচ্চিত্রের নাম লেখো।

(ঞ) 'মেঘে ঢাকা তারা' চলচ্চিত্রের পরিচালক কে?

(ট) উদাত্ত আর অনুদাত্ত স্বর বলতে কী বোঝো?

(ঠ) 'আবৃত্তি' শব্দের আভিধানিক অর্থ কী?

(ড) 'বাড়ি থেকে পালিয়ে' চলচ্চিত্রটি প্রথম কবে মুক্তি পেয়েছিল?

(ঢ) রবীন্দ্রনাথ— এই শব্দে মোট কয়টি অক্ষর রয়েছে?

(ণ) 'কবিতার ক্লাস' গ্রন্থটির লেখকের নাম কী?

(ত) 'বাড়ি থেকে পালিয়ে' চলচ্চিত্রে বুলবুলভাজা বিক্রেতার নাম কী?

(থ) 'শট' কাকে বলে?

(দ) 'পথের পাঁচালী' উপন্যাসটি প্রথম প্রকাশিত হয়েছিল কবে?

(ধ) 'ভ্রান্তিবিলাস' চলচ্চিত্রের মূল কাহিনি কার রচনা?

(ন) মান্য চলিত উচ্চারণে 'অরুণ' শব্দের 'অ'-এর ধ্বনিরূপটি লেখো।

---

Sample University Question Papers (Bengali)

X(4th Sm.)-Bengali-G/(GE/CC-4)/CBCS

২০২২

# বাংলা - সাধারণ

পত্র : GE/CC-4

(বাংলা কথাসাহিত্য ও প্রবন্ধ)

পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) "উপন্যাসের নাম 'পল্লীসমাজ' হলেও রমা-রমেশের হৃদয়গত জটিলতার বর্ণনাই প্রধান হয়ে উঠেছে।" — আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) 'পল্লীসমাজ' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো। ১০

২। (ক) ক্ষেন্তি 'পুঁইমাচা' গল্পের কেন্দ্রীয় চরিত্র।—মন্তব্যটির যথার্থতা বিচার করো। ১০

*অথবা,*

(খ) 'অশ্বমেধের ঘোড়া' গল্পে যুগযন্ত্রণার যে চিত্র ফুটে উঠেছে তার স্বরূপ আলোচনা করো। ১০

৩। (ক) "কেকারব বর্ষা ঋতুর নিখাদ সুর, তাহার আঘাত বিরহ বেদনার ঠিক উপরে গিয়াই পড়ে।" — 'কেকাধ্বনি' প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) আধুনিক যুগের মনীষীরা কীভাবে ক্রমাগত পশ্চিমের সঙ্গে পূর্বকে মিলিয়ে নেওয়ার মহৎ প্রয়াস করে গেছেন তা 'পূর্ব ও পশ্চিম' প্রবন্ধটি অনুসরণে বুঝিয়ে দাও। ১০

৪। (ক) "জ্যাঠাইমার চোখ দিয়া জল ঝরিয়া পড়িতেছিল।" —জ্যাঠাইমা কে? তার চোখ দিয়ে জল ঝরে পড়ার কারণ কী? ১+৪

*অথবা,*

(খ) "সে দিনকাল আর নেই বড়োবাবু, সে দিনকাল আর নেই" —প্রসঙ্গ নির্দেশ করে উদ্ধৃতিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৫

৫। (ক) "ব্রজরাণী স্তম্ভিত হইয়া খুঁজিতেছিল, কোথায় সেই দৃপ্ত দাম্ভিক বলশালী যুবা"।—প্রসঙ্গ নির্দেশ করে তাৎপর্য ব্যাখ্যা করো। ৫

*অথবা,*

(খ) "তেমন স্যাকরার হাতে পড়লে সোনাও লোহা হয়ে যায় দিদি।" —বক্তা কে? 'দিদি' কে? প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য লেখো। ৫

Please Turn Over

৬। (ক) "তাহাদের এবং আমাদের মধ্যে যেন সংযোগ থাকা উচিত ছিল।" — 'তারা' এবং 'আমরা' কারা? কোন্ প্রসঙ্গে একথা বলা হয়েছে? ৫

*অথবা,*

(খ) "...ছড়ির বাঁধনের ঐক্যকে মানুষ সইতে পারে না, বিদ্রোহী হয়" — 'শিক্ষার মিলন' প্রবন্ধ অবলম্বনে উদ্ধৃতিটি বিচার করো। ৫

৭। *যে-কোনো একটি* বিষয়ে টীকা লেখো। ৫×১

(ক) দীনু ভট্টাচার্য

(খ) ময়নার মা

(গ) ইংরেজ জাতির 'শ্রেষ্ঠত্ব'।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) 'পল্লীসমাজ' উপন্যাসটি যে গ্রামকে ঘিরে রচিত তার নাম কী?

(খ) "দীর্ঘজীবী হও— বাপের মত হও"।—কে, কাকে একথা বলেছে?

(গ) রমেশ কোন গ্রামে স্কুল তৈরি করার উদ্যোগ নিয়েছিল?

(ঘ) কতদিন ধরে ব্রজরাণী অশৌচ পালন করেছেন?

(ঙ) 'হারানের নাতজামাই' গল্পটির প্রকাশকাল কত?

(চ) মতিলালের জীবনের একমাত্র বড়ো আশা কী ছিল?

(ছ) অন্নপূর্ণা চুপিচুপি কী রান্না করল?

(জ) গাড়োয়ানকে ডেকে কাঞ্চন কোথায় যাবে বলেছিল?

(ঝ) 'ছিন্নমস্তা' গল্পটি প্রথম মুদ্রিত হয় কত সালে?

(ঞ) প্রাচীন ভারতবর্ষের উপবনে কীসের বেড়া ছিল?

(ট) 'কেকাধ্বনি' প্রবন্ধে কোন কোন প্রাচীন সাহিত্যিকের উল্লেখ আছে?

(ঠ) কারা ভারতবর্ষের ইতিহাসে একটি প্রধান স্থান অধিকার করে আছে?

(ড) রবীন্দ্রনাথের মতে পৃথিবীকে কামধেনুর মতো দহন করছে কারা?

(ঢ) "গলায় গাছ-কতক সুতো ঝোলানো থাকলেই বামুন হয় না।"—কথাটি কে কাকে বলেছে?

(ণ) 'মেঘদূত' প্রবন্ধে উল্লিখিত একটি নদীর নাম লেখো।

৪। ছন্দলিপি প্রণয়ন করো (মাত্রা, পর্ব, পদ, লয় ও রীতি উল্লেখ করা আবশ্যক)।

(ক) দহন শয়নে তপ্ত ধরণী পড়েছিল পিপাসার্ত
পাঠালে তাহারে ইন্দ্রলোকের অমৃতবারির বার্তা
মাটির কঠিন বাধা হল ক্ষীণ দিকে দিকে হল দীর্ণ
নব অঙ্কুর জয় পতাকায় ধরাতল সমাকীর্ণ। ৫

অথবা,

(খ) এই পৃথিবীর
পুরোনো শরীরে আসে বসন্তের দস্যুতার ভীড়
কোনো নিদ্রাহীন রাতে
আমারও শরীর যেন মঞ্জরিত হতে চায়
আকাশে জোৎস্নাতে ৫

৫। ব্যাখ্যাসহ অলংকার নির্ণয় করো

(ক) লঙ্কার পঙ্কজ রবি গেলা অস্তাচলে। ৫

অথবা,

(খ) চোখে চোখে কথা নয় গো বন্ধু আগুনে আগুনে কথা। ৫

৬। (ক) আলংকারিকরা কেন রসকে 'সহৃদয়হৃদয়সংবাদী' বলেছেন তা সংক্ষেপে বুঝিয়ে দাও। ৫

অথবা,

(খ) অনুকরণ সম্পর্কে প্লেটো ও অ্যারিস্টটলের দৃষ্টিভঙ্গির পার্থক্য আলোচনা করো। ৫

৭। *যে-কোনো একটি* বিষয় সম্পর্কে আলোচনা করো। ৫×১

(ক) সনেটের গঠন বৈশিষ্ট্য

(খ) বিরোধ অলংকার

(গ) স্থায়ীভাব

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×৫

(ক) কোন ছন্দকে 'ছড়ার ছন্দ' বলা হয়?

(খ) কলাবৃত্ত ছন্দের দুটি ভাগ কী কী?

(গ) কোন ছন্দের লয় ধীর?

(ঘ) 'মুক্তক ছন্দের 'মুক্তক' নামকরণটি কে করেছিলেন?

(ঙ) পয়ার ছন্দ ব্যবহার হয়েছে এমন একটি বাংলা মহাকাব্যের নাম লেখো

(চ) "জীবে দয়া তব পরম ধর্ম জীবে দয়া তব কই?" — এখানে কোন অলংকার হয়েছে?

(ছ) কোন অলংকারে উপমেয় ও উপমানের মধ্যে অভেদ কল্পিত হয়?

(জ) 'ব্যাজস্তুতি' অলংকারের 'ব্যাজ' কথাটির অর্থ কী?

(ঝ) সমাসোক্তি অলংকারের একটি দৃষ্টান্ত দাও।

(ঞ) 'যেন' শব্দটি সাধারণত কোন অলংকারে ব্যবহৃত হয়?

(ট) ধ্বনিবাদের প্রবক্তা কে?

(ঠ) মহাকবি বাল্মীকি তাঁর মুখনিঃসৃত শব্দবন্ধকে কী নাম দিয়েছিলেন?

(ড) 'শোক' ভাব থেকে সৃষ্ট রসটির নাম কী?

(ঢ) 'পোয়েটিক্স' গ্রন্থের রচয়িতা কে?

(ণ) 'অনুকরণ'-এর গ্রিক প্রতিশব্দটি লেখো।

---

২০২১

# বাংলা - সাম্মানিক

## পঞ্চম সেমেস্টার

## পত্র : CC-12

## (নাটক ও নাট্যমঞ্চ)

পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) 'বুড় সালিকের ঘাড়ে রোঁ'— প্রহসন অবলম্বনে ভক্তপ্রসাদ চরিত্রের বৈশিষ্ট্যগুলি যথাযথভাবে বিশ্লেষণ করে দেখাও। ১০

*অথবা,*

(খ) 'মুক্তধারা'য় ব্যবহৃত সংগীত নাটকটির পক্ষে কতদূর প্রয়োজনীয় বলে তুমি মনে করো তা আলোচনা করে বুঝিয়ে দাও। ১০

২। (ক) পৌরাণিক কাহিনি নির্ভর 'কারাগার' নাটকে নাট্যকার তাঁর সমকালীন রাজনৈতিক চেতনার সঞ্চার কীভাবে ঘটিয়েছেন আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) 'টিনের তলোয়ার' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো। ১০

৩। (ক) বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে লেবেডফ ও বেঙ্গলি থিয়েটার-এর অবদান সম্পর্কে আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) বাংলা নাটকের ইতিহাসে শ্যামবাজারে নবীনচন্দ্র বসুর থিয়েটারের গুরুত্ব নির্ণয় করো। ১০

৪। (ক) 'বুড় সালিকের ঘাড়ে রোঁ' প্রহসনের সংলাপ প্রয়োগের সার্থকতা বিচার করো। ৫

*অথবা,*

(খ) "যন্ত্রের জোরে দেবতার পদ নিজেই নেব, এই কথা প্রমাণ করবার ভার আমার উপর।"— উক্তিটির মধ্য দিয়ে বক্তার কোন মনোভাব প্রকাশ পেয়েছে তা বুঝিয়ে দাও। ৫

৫। (ক) "আমার প্রাসাদে সব আছে, সব ছিল...... শুধু নাই এই উত্তপ্ত ললাটের অগ্নিদাহ দূর করতে পারে এমন একখানি প্রিয় হাতের চন্দন-পরশ!"— এই সংলাপ অবলম্বন করে 'কারাগার' নাটকে কংস চরিত্রের মানবতার দিকটি সম্পর্কে তোমার অভিমত জানাও। ৫

Please Turn Over

*অথবা,*

(খ) প্রিয়নাথ মল্লিক চরিত্রটি নাট্য আয়োজনের দিক থেকে কতটা অপরিহার্য 'টিনের তলোয়ার' নাটকটি আলোচনা করে তা বুঝিয়ে দাও। ৫

৬। (ক) 'জোড়াসাঁকো নাট্যশালা' সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) সংক্ষেপে আলোচনা করো— 'ন্যাশনাল থিয়েটার' (দ্বিতীয় পর্ব)। ৫

৭। ***যে-কোনো একটি*** প্রশ্নের উত্তর দাও। ৫×১

(ক) "মা ডাকে! মা ডাকে! ফিরে আয়, সুমন, ফিরে আয়"— 'মুক্তধারা' নাটকের এই নেপথ্য উচ্চারণটির তাৎপর্য বিশ্লেষণ করো।

(খ) "যাও..... গিয়ে সেই শয়তানকে বল, যদুকুলের এই হৃত রাজমুকুট ..... এই হৃত রাজদণ্ড ..... এই হৃত মথুরারাজ্য.... যদু-সন্তান ... স্বকীয় সাধনায় পুনরুদ্ধার করবে"— এই সংলাপটির অন্তঃগূঢ় রাজনৈতিক তাৎপর্য ব্যাখ্যা করো।

(গ) টীকা লেখো— নবনাট্য আন্দোলন।

৮। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও। ১×১৫

(ক) মাইকেল মধুসূদন [illegible]

(খ) [illegible]

(ঘ) 'বাগবাজার এমেচার থিয়েটার'-এর নাম পরবর্তীকালে [illegible]

(ঙ) "ও যে অমন করে মন্দিরের মাথা ছাড়িয়ে গেল এটা যেন স্পর্ধার মতো দেখাচ্ছে"— কোন বস্তু সম্পর্কে এই মন্তব্য করা হয়েছে?

(চ) "শিক্ষা দিলে কিলের চোটে, / হাড় গুঁড়িয়ে খোয়ের মোয়া"— তোমার পাঠ্য কোন নাটকে এই উদ্ধৃতাংশটি আছে?

(ছ) কোন নাটক অভিনয়ের মধ্য দিয়ে 'ন্যাশনাল থিয়েটার'-এর উদ্বোধন করা হয়েছিল?

(জ) 'ধনঞ্জয় বৈরাগী' চরিত্রটি তোমার পাঠ্য কোন নাটকে আছে?

(ঝ) যাদবরা কোন দেবতার উপাসনা করত?

(ঞ) 'নাট্যনিয়ন্ত্রণ বিল' কত সালে জারি করা হয়?

(ট) বীরকৃষ্ণ দাঁ কে?

(ঠ) "ওদের দুজনের মধ্যে আমার কি একটা স্বপ্ন যেন বাসা বেঁধেছিল কাপ্তেন বাবু, সে বাসাটা ভেঙে গেল"— কাপ্তেন বাবু কে?

(ড) "....কত্তাটি এমনি খেপে উঠলিই তো আমরা বাঁচি, — গো মড়কেই মুচির পার্বণ"— উক্তিটি কে করেছে?

(ঢ) "দেখবেন লোকটা আবার ডেপুটি ম্যাজিস্ট্রেট তো, গুলি-টুলি না করে বসে"— কেন একথা বলা হয়েছে?

(ণ) বিজন ভট্টাচার্যের 'নবান্ন' কোন নাট্য-আন্দোলনের উৎসভূমিতে ভূমিষ্ঠ হয়েছিল?

---

২০২২

# বাংলা - সাম্মানিক

## দ্বিতীয় সেমেস্টার

## পত্র : CC-3

## [বাংলা সাহিত্যের ইতিহাস (উনিশ শতক)]

পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) বাংলা গীতিকবিতার ধারায় কবি বিহারীলাল চক্রবর্তীর অবদান আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) দীনবন্ধু মিত্র রচিত নাটকগুলি সম্পর্কে আলোচনা করে তাঁকে "বাংলা সাহিত্যে বাস্তবতার অগ্রদূত" বলা চলে কি না বিচার করো। ১০

২। (ক) বাংলা ঐতিহাসিক উপন্যাস রচনার ক্ষেত্রে রমেশচন্দ্র দত্তের কৃতিত্ব বিচার করো। ১০

*অথবা,*

(খ) বাংলা সাময়িকপত্রের ইতিহাসে 'সংবাদ প্রভাকর' পত্রিকার গুরুত্ব আলোচনা করো। ১০

৩। (ক) বাংলা গদ্যের চর্চা, বিকাশ ও বিবর্তনে শ্রীরামপুর মিশনের ভূমিকা আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) "বিদ্যাসাগর বাংলা ভাষার প্রথম যথার্থ শিল্পী ছিলেন" — এই উক্তির আলোকে বাংলা গদ্যসাহিত্যের ইতিহাসে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের স্থান নির্দেশ করো। ১০

৪। (ক) কবি গিরীন্দ্রমোহিনী দাসীর কাব্যকৃতির সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

*অথবা,*

(খ) বাংলা নাটকের সূচনাপর্বে মাইকেল মধুসূদন দত্তের ভূমিকা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

৫। (ক) প্যারীচাঁদ মিত্র রচিত 'আলালের ঘরের দুলাল' আধুনিক বাংলা সাহিত্যের ইতিহাসে প্রথম উপন্যাসের মর্যাদা দাবি করতে পারে কি না বিচার করো। ৫

*অথবা,*

(খ) বাংলা সাময়িকপত্রের ইতিহাসে 'মাসিক পত্রিকা'-র গুরুত্ব সংক্ষেপে আলোচনা করো। ৫

৬। (ক) বাংলা গদ্যের বিকাশে ফোর্ট উইলিয়ম কলেজের যে-কোনো একজন গদ্যকারের ভূমিকা সংক্ষেপে পর্যালোচনা করো। ৫

*অথবা,*

(খ) স্বামী বিবেকানন্দের গদ্যভাষা সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। ৫

৭। ***যে-কোনো একটি*** বিষয়ে টীকা লেখো। ৫×১

(ক) বলিদান

(খ) হুতোম প্যাঁচার নক্‌শা

(গ) বিবিধ প্রবন্ধ।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) 'পদ্মিনী উপাখ্যান' কার রচিত?

(খ) 'বৃত্রসংহার' কাব্যের কবি কে?

(গ) 'ব্যাপিকা বিদায়' কী জাতীয় নাটক?

(ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'মানসী' কাব্যগ্রন্থটি কবে প্রকাশিত হয়?

(ঙ) মধুসূদন দত্ত রচিত ঐতিহাসিক ট্র্যাজেডি নাটকটির নাম লেখো।

(চ) ভবানীচরণ বন্দ্যোপাধ্যায় রচিত একটি গ্রন্থের নাম লেখো।

(ছ) 'বঙ্গদর্শন' পত্রিকার প্রথম প্রকাশ কত খ্রিস্টাব্দে?

(জ) 'সোমপ্রকাশ' পত্রিকার প্রথম সম্পাদক কে?

(ঝ) 'স্বর্ণলতা' উপন্যাসটির রচয়িতার নাম লেখো।

(ঞ) রমেশচন্দ্র দত্ত কোন উপন্যাসে বিধবা বিবাহের সপক্ষে লেখনী ধারণ করেছেন?

(ট) 'গৌড়ীয় ব্যাকরণ' কার রচিত?

(ঠ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের 'সীতার বনবাস' কোন গ্রন্থের অনুবাদ?

(ড) 'চারুপাঠ'-এর রচয়িতা কে?

(ঢ) মীর মশাররফ হোসেন রচিত একটি গ্রন্থের নাম লেখো।

(ণ) 'পলাশীর যুদ্ধ' আখ্যানকাব্যটি কার লেখা?

---

# ২০২২

## বাংলা — সাম্মানিক

তৃতীয় সেমেস্টার

পত্র : CC-7

(কথাসাহিত্য)

পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) 'যোগাযোগ' উপন্যাসে যোগের থেকে অযোগের কাহিনি প্রাধান্য লাভ করেছে। কাহিনি বিশ্লেষণ করে এই অযোগ কেন হয়েছে তার সমর্থনে যুক্তি দাও। ১০

*অথবা,*

(খ) শ্যামাসুন্দরী মধুসূদনের এত কাছের অথচ কুমুদিনী অধরা। শ্যামাসুন্দরী অসম্মানের অনুরাগকে মেনে নিয়েছে কিন্তু কুমুদিনী ব্যক্তিসত্তাকে গুরুত্ব দিয়েছে। —এই ভাবনার আলোকে কুমুদিনী চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

*অথবা,*

(গ) 'দেনাপাওনা' শরৎচন্দ্রের সমাজ ও নারী ভাবনার অন্যতম দলিল। — বিশ্লেষণ করো। ১০

*অথবা,*

(ঘ) 'দেনাপাওনা' উপন্যাসে নির্মল-হৈম উপকাহিনির সার্থকতা বিচার করো। ১০

২। (ক) আঞ্চলিক উপন্যাস হিসাবে 'পদ্মানদীর মাঝি'-কে চিহ্নিত করা যায় কি? — আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) "কেতুপুরের মানুষের জীবনযাপনে হোসেন মিয়া জড়িয়ে আছে নিয়তির মতোই।" — উদ্ধৃতির আলোকে হোসেন মিয়া চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

*অথবা,*

(গ) 'অরণ্যের অধিকার' উপন্যাসের প্রেক্ষাপট মুন্ডা স্বাধীনতা সংগ্রাম। — বক্তব্যটির যথার্থতা বিশ্লেষণ করো। ১০

*অথবা,*

(ঘ) 'অরণ্যের অধিকার' উপন্যাসের উপসংহার অংশের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ১০

৩। (ক) 'ল্যাবরেটরি' গল্পে রবীন্দ্রনাথ সোহিনীর জীবনধারণার মাধ্যমে তার সংস্কারমুক্ত চির আধুনিক মন ও বিশ্বাসকে ব্যক্ত করেছেন। — এই মতকে তুমি সমর্থন করো কি? যুক্তিসহ বিশ্লেষণ করো। ১০

*অথবা,*

(খ) পদ্মবুড়ির জীবনের রোজনামচায় 'প্লাবনকাল' কেবলমাত্র ভাদ্র মাসের অকালবর্ষণে নয়— তা চৈত্র থেকে বৈশাখ কিংবা বৈশাখ থেকে চৈত্র একই কালপর্বে প্রবাহিত।— এই প্রবাহকে সুচিত্রা ভট্টাচার্যের কলম কীভাবে চিত্রায়িত করেছে তা আলোচনা করো। ১০

৪। (ক) "ঘা খাওয়া বংশ, ঘা খাওয়া নেকড়ে বাঘের মত বড় ভয়ঙ্কর।" — প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটি বিশ্লেষণ করো। ৫

*অথবা,*

(খ) "এমন কিছু আছে যা ছেলের জন্যেও খোওয়ানো যায় না।" — প্রসঙ্গ নির্দেশ করে তাৎপর্য লেখো। ৫

*অথবা,*

(গ) "আমরা ক'ঘর ছোটজাত ভূমিজ তোমাকেই মা বলে জেনেছি, যেখানেই যাও আমরা সঙ্গে যাব। কিন্তু যাবার আগে একবার জানিয়ে দিয়ে যাবে।" — প্রসঙ্গ নির্দেশ করে উদ্ধৃতাংশটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৪

*অথবা,*

(ঘ) "আমার যা কিছু কল্পনা, যত কিছু আনন্দের ভাবনা সে তো কেবল তাদের নিয়েই, তাদের দেখেই তো আমি সেই ষোড়শী আর নেই।" — প্রসঙ্গ উল্লেখপূর্বক উদ্ধৃতাংশটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৫

৫। (ক) "আঁধার রাইতে আশমান জমিন
ফারাক কইর‍্যা থোও
বোন্‌ধু কত ঘুমাইবা"

—এই গানটিকে 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের ধ্রুবপদ বলা যায় কি? যুক্তিসহ আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) "গরিবের মধ্যে যে গরিব, ছোটোলোকের মধ্যে আরো বেশি ছোটোলোক, এমনভাবে তাকে বঞ্চিত করিবার অধিকারটা তাই প্রথার মতো সামাজিক ও ধর্ম সম্পর্কীয় দশটি নিয়মের মতো, অসংকোচে গ্রহণ করিয়াছে।" — প্রসঙ্গটি ব্যাখ্যা করো। ৫

*অথবা,*

(গ) "জঙ্গলে যাস, জঙ্গলে বাজনা শুনিস না মা? পাতায় পাতায় বাজনা বাজে শুনে শিখেছি।" — বক্তব্যটি কার? প্রসঙ্গ উল্লেখ করে বক্তব্যটির তাৎপর্য লেখো। ১+৪

*অথবা,*

(ঘ) "তুই-'তুই' বলছ কেন? মুন্ডারা মানুষ নয়? সাহেব দেখলে 'আপনি' বল, বেনে দেখলে 'তুমি' বল, মুন্ডা দেখলে 'তুই' বল?" —কার উক্তি? কাকে বলেছে? উক্তির মধ্যে যে আত্মপ্রত্যয় তা বিশ্লেষণ করো। ১+১+৩

৩। (ক) 'ল্যাবরেটরি' গল্পে রবীন্দ্রনাথ সোহিনীর জীবনধারণার মাধ্যমে তার সংস্কারমুক্ত চির আধুনিক মন ও বিশ্বাসকে ব্যক্ত করেছেন। — এই মতকে তুমি সমর্থন করো কি? যুক্তিসহ বিশ্লেষণ করো। ১০

*অথবা,*

(খ) পদ্মবুড়ির জীবনের রোজনামচায় 'প্লাবনকাল' কেবলমাত্র ভাদ্র মাসের অকালবর্ষণে নয়— তা চৈত্র থেকে বৈশাখ কিংবা বৈশাখ থেকে চৈত্র একই কালপর্বে প্রবাহিত।— এই প্রবাহকে সুচিত্রা ভট্টাচার্যের কলম কীভাবে চিত্রায়িত করেছে তা আলোচনা করো। ১০

৪। (ক) "ঘা খাওয়া বংশ, ঘা খাওয়া নেকড়ে বাঘের মত বড় ভয়ঙ্কর।" — প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটি বিশ্লেষণ করো। ৫

*অথবা,*

(খ) "এমন কিছু আছে যা ছেলের জন্যেও খোওয়ানো যায় না।" — প্রসঙ্গ নির্দেশ করে তাৎপর্য লেখো। ৫

*অথবা,*

(গ) "আমরা ক'ঘর ছোটজাত ভূমিজ তোমাকেই মা বলে জেনেছি, যেখানেই যাও আমরা সঙ্গে যাব। কিন্তু যাবার আগে একবার জানিয়ে দিয়ে যাবে।" — প্রসঙ্গ নির্দেশ করে উদ্ধৃতাংশটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৪

*অথবা,*

(ঘ) "আমার যা কিছু কল্পনা, যত কিছু আনন্দের ভাবনা সে তো কেবল তাদের নিয়েই, তাদের দেখেই তো আমি সেই ষোড়শী আর নেই।" — প্রসঙ্গ উল্লেখপূর্বক উদ্ধৃতাংশটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৫

৫। (ক) "আঁধার রাইতে আশমান জমিন
ফারাক কইর‍্যা থোও
বোন্‌ধু কত ঘুমাইবা"

—এই গানটিকে 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের ধ্রুবপদ বলা যায় কি? যুক্তিসহ আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) "গরিবের মধ্যে যে গরিব, ছোটোলোকের মধ্যে আরো বেশি ছোটোলোক, এমনভাবে তাকে বঞ্চিত করিবার অধিকারটা তাই প্রথার মতো সামাজিক ও ধর্ম সম্পর্কীয় দশটি নিয়মের মতো, অসংকোচে গ্রহণ করিয়াছে।" — প্রসঙ্গটি ব্যাখ্যা করো। ৫

*অথবা,*

(গ) "জঙ্গলে যাস, জঙ্গলে বাজনা শুনিস না মা? পাতায় পাতায় বাজনা বাজে শুনে শিখেছি।" — বক্তব্যটি কার? প্রসঙ্গ উল্লেখ করে বক্তব্যটির তাৎপর্য লেখো। ১+৪

*অথবা,*

(ঘ) "তুই-'তুই' বলছ কেন? মুন্ডারা মানুষ নয়? সাহেব দেখলে 'আপনি' বল, বেনে দেখলে 'তুমি' বল, মুন্ডা দেখলে 'তুই' বল?" —কার উক্তি? কাকে বলেছে? উক্তির মধ্যে যে আত্মপ্রত্যয় তা বিশ্লেষণ করো। ১+১+৩

৬। (ক) "প্রকৃতি যেন তাহার ভাষার অভাব পূরণ করিয়া দেয়।"— প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা করো। ১+৪

*অথবা,*

(খ) "স্ত্রী হইয়াছে আজকালকার লোকের যেন মহাগুরুর সেবা, একটির নিপাতেই সে সম্পর্কে আর কাহাকেও যেন গ্রহণ করা যাইতে পারে না।"— প্রসঙ্গ উল্লেখ করে বক্তব্যটি বিশ্লেষণ করো। ৫

৭। *যে-কোনো একটি* প্রশ্নের উত্তর দাও। ৫×১

(ক) 'যোগাযোগ' উপন্যাসের শ্যামাসুন্দরী চরিত্রটির ভূমিকা সংক্ষেপে ব্যক্ত করো।

(খ) 'দেনাপাওনা' উপন্যাসের সাগর চরিত্রটির অবস্থান আলোচনা করো।

(গ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের কুবেরের আর যারা মাছ ধরার সাথী ছিল তাদের পরিচয় দাও।

(ঘ) 'অরণ্যের অধিকার' উপন্যাসে ব্যবহৃত অন্তত তিনটি গানের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঙ) "তারা দেখছে শুধু কতকগুলি সাদা সাদা ফসিল; তাতে আজকের এই এত লাল রক্তের দাগ নেই।"— প্রসঙ্গ নির্দেশ করে তাৎপর্য লেখো।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) সুন্দরবন থেকে ঘোষালরা স্থানান্তরিত হয়ে কোথায় বসবাস শুরু করে?

*অথবা,*

"আজ আমার সন্দেহ গেল" — একথা কে বলেছিল?

(খ) ভূষণ রায় কে?

*অথবা,*

"আমার সমস্ত ভার তুমি নাও অলকা"— একথা কে কাকে বলেছিল?

(গ) কুমু-মধুসূদনের বিবাহের দিনে মধুসূদন কীসের টেলিগ্রাফ পায়?

*অথবা,*

জনশ্রুতিতে জনার্দন রায়ের সমস্ত টাকা কার?

(ঘ) হাবলু-র পরিচয় দাও।

*অথবা,*

তারাদাস চক্কোত্তির পিতার নাম কী?

(ঙ) আমিনুদ্দিনের সঙ্গে কার নিকা হয়েছিল?

*অথবা,*

'অরণ্যের অধিকার' উপন্যাসটি রচনায় লেখিকা কোন গ্রন্থের কাছে ঋণ স্বীকার করেছেন?

(চ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের প্রথম প্রকাশকাল লেখো।

*অথবা,*

'দামিন-ই-কো' বলতে কী বোঝো?

(ছ) সোনাখালি থেকে মোহনপুর পর্যন্ত পথটির নাম কী?

*অথবা,*

জাংলা কানুন কোথায় কোথায় চালু করা হয়েছিল?

(জ) চালান বাবুর পরিচয় কী?

*অথবা,*

বিরসাইতদের প্রথম সভা কোথায় হয়েছিল?

(ঝ) "পুরুষ মানুষের অতটা বাড়াবাড়ি ভাল নয়"।— উক্তিটি কার?

(ঞ) 'একরাত্রি' গল্পটি কোন পত্রিকায় প্রকাশিত হয়?

(ট) "যেন দেবতা স্বয়ং নিজের বলির পশু বাছিয়া লইয়া আসিয়াছে।" — কার সম্পর্কে বলা হয়েছে?

(ঠ) ''বালার্ক সিন্দুর শোভিত উষা''— কার সম্পর্কে বলা হয়েছে?

(ড) "বাড়ি থেকে পালিয়ে যাচ্ছ না তো?" — বক্তা কে? কাকে প্রশ্নটি করা হয়েছে?

(ঢ) অঞ্জনগড়ের রত্নগর্ভ থেকে কী কী খনিজ পাওয়া গিয়েছিল?

(ণ) সীতেশ কত নম্বর ট্রাম ধরে কৃষ্ণার বাড়ি আসে?

---

# ২০২১

চতুর্থ সেমেস্টার

## বাংলা - সাম্মানিক

**পত্র : CC-10**

(প্রবন্ধ ও বিবিধ রচনা)

পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) "কমলাকান্ত একাধারে কবি, দার্শনিক, সমাজশিক্ষক, রাজনীতিজ্ঞ ও স্বদেশপ্রেমিক।" — 'কমলাকান্তের দপ্তর'-এর পাঠ্য প্রবন্ধগুলি অবলম্বনে মন্তব্যটির যাথার্থ্য বিচার করো। ১০

*অথবা,*

(খ) 'যে দেশে বহু ধর্ম বহু ভাষা' প্রবন্ধে বহু ভাষা ও সম্প্রদায়ে বিভক্ত ভারতের ভাষা-সমস্যা সমাধানে ও সংহতি বিধানে প্রাবন্ধিক যে পথ নির্দেশ করেছেন তার সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

২। (ক) 'সাহিত্যের তাৎপর্য' প্রবন্ধে রবীন্দ্রনাথ ঠাকুর 'চিত্র' এবং 'সঙ্গীত'-কে কেন সাহিত্যের 'প্রধান উপকরণ' বলে বর্ণনা করেছেন তা লেখকের যুক্তিপরম্পরায় বিশ্লেষণ করো। ১০

*অথবা,*

(খ) রবীন্দ্রনাথের উত্তরসাধক হয়ে জন্মানোর জন্য রবীন্দ্র-অনুবর্তী কবিদের যে সংকটের মুখোমুখি হতে হয়েছে তা বুদ্ধদেব বসু-র 'রবীন্দ্রনাথ ও উত্তরসাধক' প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো। ১০

৩। (ক) 'ছিন্নপত্র' গ্রন্থে পদ্মাতীরের মানবজীবন কেমনভাবে ধরা পড়েছে তা পাঠ্য পত্রগুলি অবলম্বনে লেখো। ১০

*অথবা,*

(খ) 'ছিন্নপত্র'-এ তোমার পাঠ্য পত্রগুলি অবলম্বনে বিশ্বপ্রকৃতির সঙ্গে কবির নিবিড় সম্পর্কের যে পরিচয় পাও তার স্বরূপটি পরিস্ফুট করো। ১০

৪। (ক) 'বিড়াল' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের সাম্যবাদী মানসিকতার যে-পরিচয় প্রকাশ পেয়েছে সংক্ষেপে তার স্বরূপ আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) বিজ্ঞানশিক্ষার ওপরে প্রাবন্ধিক কেন গুরুত্ব আরোপ করেছেন তা 'শিক্ষা ও বিজ্ঞান' প্রবন্ধ অবলম্বনে লেখো। ৫

# ২০২১

## চতুর্থ সেমেস্টার

## বাংলা - সাম্মানিক

**পত্র : CC-10**

**(প্রবন্ধ ও বিবিধ রচনা)**

**পূর্ণমান - ৬৫**

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) "কমলাকান্ত একাধারে কবি, দার্শনিক, সমাজশিক্ষক, রাজনীতিজ্ঞ ও স্বদেশপ্রেমিক।" — 'কমলাকান্তের দপ্তর'-এর পাঠ্য প্রবন্ধগুলি অবলম্বনে মন্তব্যটির যাথার্থ্য বিচার করো। ১০

*অথবা,*

(খ) 'যে দেশে বহু ধর্ম বহু ভাষা' প্রবন্ধে বহু ভাষা ও সম্প্রদায়ে বিভক্ত ভারতের ভাষা-সমস্যা সমাধানে ও সংহতি বিধানে প্রাবন্ধিক যে পথ নির্দেশ করেছেন তার সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

২। (ক) 'সাহিত্যের তাৎপর্য' প্রবন্ধে রবীন্দ্রনাথ ঠাকুর 'চিত্র' এবং 'সঙ্গীত'-কে কেন সাহিত্যের 'প্রধান উপকরণ' বলে বর্ণনা করেছেন তা লেখকের যুক্তিপরম্পরায় বিশ্লেষণ করো। ১০

*অথবা,*

(খ) রবীন্দ্রনাথের উত্তরসাধক হয়ে জন্মানোর জন্য রবীন্দ্র-অনুবর্তী কবিদের যে সংকটের মুখোমুখি হতে হয়েছে তা বুদ্ধদেব বসু-র 'রবীন্দ্রনাথ ও উত্তরসাধক' প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো। ১০

৩। (ক) 'ছিন্নপত্র' গ্রন্থে পদ্মাতীরের মানবজীবন কেমনভাবে ধরা পড়েছে তা পাঠ্য পত্রগুলি অবলম্বনে লেখো। ১০

*অথবা,*

(খ) 'ছিন্নপত্র'-এ তোমার পাঠ্য পত্রগুলি অবলম্বনে বিশ্বপ্রকৃতির সঙ্গে কবির নিবিড় সম্পর্কের যে পরিচয় পাও তার স্বরূপটি পরিস্ফুট করো। ১০

৪। (ক) 'বিড়াল' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের সাম্যবাদী মানসিকতার যে-পরিচয় প্রকাশ পেয়েছে সংক্ষেপে তার স্বরূপ আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) বিজ্ঞানশিক্ষার ওপরে প্রাবন্ধিক কেন গুরুত্ব আরোপ করেছেন তা 'শিক্ষা ও বিজ্ঞান' প্রবন্ধ অবলম্বনে লেখো। ৫

৫। (ক) "মন প্রকৃতির আরশি নহে, সাহিত্যও প্রকৃতির আরশি নহে।" — ব্যাখ্যা করো। ৫

*অথবা,*

(খ) গোপাল হালদারের 'আধুনিক সাহিত্য' প্রবন্ধ অবলম্বনে প্রাচীন সাহিত্যের 'মানবতাবোধ'-এর সঙ্গে আধুনিক সাহিত্যের 'মানবতাবাদ'-এর প্রভেদ নির্দেশ করো। ৫

৬। (ক) 'ছিন্নপত্র'-র ৩০ সংখ্যক পত্রের মূল বক্তব্য সংক্ষেপে লেখো। ৫

*অথবা,*

(খ) রবীন্দ্রনাথের ছোটোগল্পের উৎস হিসাবে বিবেচিত হয়, ছিন্নপত্রের এমন একটি পত্র সম্পর্কে আলোচনা করো। ৫

৭। (ক) "আমি অনেক অনুসন্ধান করিয়া দেখিতেছি, পরের জন্য আত্মবিসর্জন ভিন্ন পৃথিবীতে স্থায়ী সুখের অন্য কোনো মূল নাই।" — ব্যাখ্যা করো। ৫

*অথবা,*

(খ) "সৌন্দর্য ও মঙ্গলের এই সম্মিলন যে দেখিয়াছে সে ভোগবিলাসের সঙ্গে সৌন্দর্যকে কখনোই জড়াইয়া রাখিতে পারে না।" — সৌন্দর্য ও মঙ্গলের কোন সম্মিলনের কথা প্রাবন্ধিক বলেছেন? ৫

*অথবা,*

(গ) রবীন্দ্রনাথের 'ছিন্নপত্র'-র ১০২ সংখ্যক পত্রের মর্মবস্তু সংক্ষেপে লেখো। ৫

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) "আমি একা — তাই এই সঙ্গীতে আমার শরীর কন্টর্কিত হইল।" — কার লেখা? কোন প্রবন্ধ?

(খ) 'কমলাকান্তের দপ্তর' কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল?

(গ) 'Truth' এবং 'Beauty'-র প্রতিমূর্তি কে?

(ঘ) 'ছিন্নপত্র'-র চিঠিগুলি রবীন্দ্রনাথ ঠাকুর কাকে উদ্দেশ করে লিখেছিলেন?

(ঙ) "মনে হইল বৃহৎ পতঙ্গ বালিশে ঠেসান দিয়া তামাকু টানিতেছে।" — কে, কাকে 'বৃহৎ পতঙ্গ' বলে মনে করেছে?

(চ) 'পাশ্চাত্য ও প্রাচ্য সমালোচনার ধারা' প্রবন্ধে প্রাবন্ধিক সুবোধচন্দ্র সেনগুপ্ত রবীন্দ্রনাথের কোন কবিতাকে দৃষ্টান্ত হিসাবে ব্যবহার করেছেন?

(ছ) রবীন্দ্রনাথের 'সাহিত্য' গ্রন্থটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল?

(জ) 'শিক্ষা ও বিজ্ঞান' প্রবন্ধে প্রাবন্ধিক ভারতবর্ষের কোন্ দুটি প্রাচীন বিশ্ববিদ্যালয়ের নাম উল্লেখ করেছেন?

(ঝ) "একটি পতিত আত্মাকে অন্ধকার হইতে আলোকে আনিয়াছি।" — পতিত আত্মাটি কে? কে তাকে আলোকে এনেছে?

(ঞ) 'উপন্যাস ও সমাজ বাস্তবতা' প্রবন্ধে যে ইংরেজি কবিতায় ঔপন্যাসিকদের প্রতি শ্রদ্ধা অর্পণ করা হয়েছে সেটি কার লেখা?

(ট) 'চিত্ত যেথা ভয়শূন্য, উচ্চ যেথা শির' কবিতাটি কোন প্রবন্ধে উদ্ধৃত করা হয়েছে? প্রাবন্ধিক কে?

(ঠ) "Literature must become party literature." — উক্তিটি কার?

(ড) 'ছিন্নপত্র' কবে প্রথম গ্রন্থাকারে প্রকাশিত হয়েছিল?

(ঢ) "একটা দেশের একটাই রাষ্ট্রধর্ম হবে, এ ধারণা ইউরোপেও ছিল।" — এটি কোন প্রবন্ধের অন্তর্গত? লেখক কে?

(ণ) "সব সত্ত্বেও একথা সত্য যে রবীন্দ্রনাথের পরে বাংলা ভাষায় তিনিই প্রথম মৌলিক কবি।" — কার সম্পর্কে প্রাবন্ধিকের এই উক্তি?

২০২০

# বাংলা - সাম্মানিক

প্রথম সেমেস্টার

পত্র : CC-1

(বাংলা সাহিত্যের ইতিহাস : ১৮০০ খ্রিস্টাব্দ পর্যন্ত)

পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) চর্যাপদ-এ প্রতিফলিত সমকালীন বাংলার সমাজজীবনের পরিচয় নিজের ভাষায় লেখো। ১০

*অথবা,*

(খ) বাংলা সাহিত্যের ইতিহাসে শ্রীকৃষ্ণকীর্তন কাব্যটির গুরুত্ব বিচার করো। ১০

২। (ক) মধ্যযুগের বাংলা সাহিত্যে মহাভারতের শ্রেষ্ঠ অনুবাদকের কবি-প্রতিভার পরিচয় দিয়ে তাঁর শ্রেষ্ঠত্বের কারণ নির্দেশ করো। ১০

*অথবা,*

(খ) মিথিলার কবি বিদ্যাপতিকে বাংলা সাহিত্যের ইতিহাসে অন্তর্ভুক্তির কারণ দেখিয়ে বাংলা বৈষ্ণব পদসাহিত্যে তাঁর অবদান বিচার করো। ১০

৩। (ক) 'ধর্মমঙ্গল' কাব্যের স্বাতন্ত্র্য সম্বন্ধে আলোচনা করে এই কাব্যের যে-কোনো একজন কবির কাব্যবৈশিষ্ট্যের পরিচয় দাও। ১০

*অথবা,*

(খ) কবি দৌলত কাজীর সাহিত্যকৃতির পরিচয় দাও। ১০

৪। (ক) চর্যাপদের ভাষাকে সান্ধ্যভাষা বলা হয় কেন তা আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) বাংলা সাহিত্যের ইতিহাসে তুর্কি আক্রমণের গুরুত্ব সংক্ষেপে আলোচনা করো। ৫

৫। (ক) 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যের অভিনবত্ব বিশ্লেষণ করো। ৫

*অথবা,*

(খ) 'চৈতন্যভাগবত' গ্রন্থের ঐতিহাসিক গুরুত্ব সংক্ষেপে আলোচনা করো। ৫

৬। (ক) মঙ্গলকাব্যের উদ্ভবের কারণগুলি লেখো। ৫

*অথবা,*

(খ) সাধক কবি কমলাকান্তের কাব্যকৃতির সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

৭। *যে-কোনো একটি* বিষয়ে টীকা লেখো। ৫

(ক) বাংলা ভাষার উদ্ভব

(খ) জ্ঞানদাস

(গ) ইউসুফ জোলেখা।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) চর্যাগীতিগুলি হরপ্রসাদ শাস্ত্রী কোথা থেকে আবিষ্কার করেছিলেন?

(খ) 'চর্যা' শব্দের অর্থ কী?

(গ) বড়ু চণ্ডীদাসের 'বড়ু' কথাটির অর্থ কী?

(ঘ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি কে আবিষ্কার করেন?

(ঙ) কোন শতাব্দীতে 'শ্রীরাম পাঁচালী' কাব্য রচিত হয়েছিল?

(চ) মধুসূদন দত্ত কৃত্তিবাসকে কী নামে অভিহিত করেছিলেন?

(ছ) সুকুমার সেনের রচিত বাংলা সাহিত্যের ইতিহাস গ্রন্থটির নাম লেখো।

(জ) 'অভিনব জয়দেব' কাকে বলা হয়?

(ঝ) পদকর্তা গোবিন্দদাসকে কার ভাবশিষ্য বলা হয়ে থাকে?

(ঞ) শ্রীচৈতন্যচরিতামৃত কাব্যের প্রকাশকাল লেখো।

(ট) 'মনসামঙ্গল' কাব্যের চৈতন্য-পূর্ববর্তী একজন প্রধান কবির নাম লেখো।

(ঠ) 'রাঢ়ের জাতীয় কাব্য' বলে কোন ধারার মঙ্গলকাব্যকে অভিহিত করা হয়?

(ড) চণ্ডীমঙ্গল কাব্যের শ্রেষ্ঠ কবির নাম কী?

(ঢ) কোন মূল গ্রন্থ অনুসরণে 'পদ্মাবতী' কাব্য রচিত হয়েছিল?

(ণ) ভারতচন্দ্রের মৃত্যু কত খ্রিস্টাব্দে হয়েছিল?

# ২০২০

## বাংলা — সাম্মানিক

### পঞ্চম সেমেস্টার

### পত্র : DSE-A-1

### (বাংলার সমাজ ও সংস্কৃতির ইতিহাস)

### পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) অখণ্ড বাঙালি জাতির নির্মাণে ত্রয়োদশ শতাব্দীর তুর্কি আক্রমণের গুরুত্ব অপরিসীম— মন্তব্যটির যাথার্থ্য বিশ্লেষণ করো। ১০

*অথবা,*

(খ) বাংলার সমাজ ও সংস্কৃতিতে চৈতন্যদেবের যে অবদান, তা নিজের ভাষায় সংক্ষেপে আলোচনা করো। ১০

২। (ক) নীল বিদ্রোহের স্বরূপ ও তার পরিণাম সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) সমাজ সংস্কারক হিসেবে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের কৃতিত্বের পরিচয় দাও। ১০

৩। (ক) বঙ্গভঙ্গ আন্দোলনে রবীন্দ্রনাথের ভূমিকার স্বরূপ ও তাৎপর্য নিজের ভাষায় লেখো। ১০

*অথবা,*

(খ) বাংলার রাজনৈতিক আন্দোলনের ইতিহাসে নকশাল আন্দোলনের গুরুত্ব বিচার করো। ১০

৪। (ক) প্রাচীন বঙ্গের পাঁচটি জনপদের নাম লেখো। ৫

*অথবা,*

(খ) প্রাচীন বঙ্গের ধন-উৎপাদনের মূল উৎসগুলি কী ছিল? ৫

৫। (ক) ফকির আন্দোলনের সূচনা কোন সময়ে হয়েছিল? এই আন্দোলনের তিনজন নেতার নাম লেখো। ২+৩

*অথবা,*

(খ) উনিশ শতকীয় আধুনিকতার অন্যতম ধারক হয়ে ওঠা যে-কোনো একটি সভার সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

৬। (ক) বাহান্ন-র ভাষা আন্দোলনের তাৎপর্য সংক্ষেপে লেখো। ৫

*অথবা,*

(খ) দেশভাগ-জনিত সমস্যার দুটি প্রভাব আলোচনা করো। ৫

৭। *যে-কোনো একটি* বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করো ঃ ৫×১

নাথধর্ম, হিন্দু কলেজ, খাদ্য আন্দোলন।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর লেখো। ১×১৫

(ক) শশাঙ্কের আমলে গৌড়ের রাজধানীর নাম কী ছিল?

(খ) অস্ট্রিক ভাষা থেকে বাংলা শব্দভাণ্ডারে আসা একটি শব্দের উল্লেখ করো।

(গ) চর্যাকারেরা কোন ধর্মমতের অনুসারী ছিলেন?

(ঘ) গৌড়ীয় সুলতানদের পৃষ্ঠপোষকতায় অনূদিত একটি কাব্যের নাম লেখো।

(ঙ) 'মুরারি গুপ্তের কড়চা' কী ধরনের গ্রন্থ?

(চ) নীল বিদ্রোহের সঙ্গে সম্পর্কিত দীনবন্ধু মিত্রের লেখা একটি নাটকের নাম লেখো।

(ছ) 'মেকলে মিনিটস্' কবে প্রকাশিত হয়েছিল?

(জ) তত্ত্ববোধিনী সভা-র প্রতিষ্ঠাতা কে ছিলেন?

(ঝ) 'স্কুল বুক সোসাইটি' কবে প্রতিষ্ঠিত হয়েছিল?

(ঞ) বঙ্গভঙ্গ-বিরোধী আন্দোলনের সূচনা কোন সময়ে হয়েছিল?

(ট) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের লেখা একটি রাজনৈতিক উপন্যাসের নাম লেখো।

(ঠ) 'রামতনু লাহিড়ী ও তৎকালীন বঙ্গসমাজ' — গ্রন্থটির লেখক কে?

(ড) আসামে ভাষা আন্দোলন কবে হয়েছিল?

(ঢ) দলিত পটপ্রেক্ষায় রচিত একটি বাংলা উপন্যাসের নাম লেখো।

(ণ) দেশভাগকে অবলম্বন করে রচিত একটি বাংলা উপন্যাসের নাম লেখো।

# ২০১৮

## বাংলা - সাম্মানিক

### তৃতীয় পত্র

### পূর্ণমান - ১০০

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

(উত্তরের শব্দসংখ্যা নতুন পাঠক্রম অনুসারে মান্য করতে হবে।)

১। (ক) রাজনৈতিক উপন্যাসের সংজ্ঞা ও বৈশিষ্ট্য আলোচনা করো। যে-কোনো একটি বাংলা রাজনৈতিক উপন্যাস অবলম্বনে বিষয়টি ব্যাখ্যা করো। ২+৪+৮

*অথবা,*

(খ) যে-কোনো *দুটি* বিষয় সম্পর্কে আলোচনা করো : ৭+৭

(অ) মনস্তাত্ত্বিক উপন্যাস

(আ) চেতনাপ্রবাহরীতির উপন্যাস

(ই) রোমান্স

(ঈ) ছোটগল্প

২। (ক) 'চন্দ্রশেখর' উপন্যাসে 'উপক্রমণিকা' অংশটির প্রয়োজন ছিল কী? মূল উপন্যাসের সম্পূর্ণতা ও রসসৃষ্টিতে অংশটির গুরুত্ব বিশ্লেষণ করো। ১৪

*অথবা,*

(খ) 'প্রতাপ' অথবা 'চন্দ্রশেখর'— কাকে তুমি 'চন্দ্রশেখর' উপন্যাসের নায়ক হিসেবে নির্বাচন করবে এবং কেন করবে, তা যুক্তি সহকারে আলোচনা করো।

৩। (ক) "পৃথিবীতে যত পাপিষ্ঠা আছে, তোমার মত পাপিষ্ঠা কেহ নাই।"— কে, কাকে এই কথা বলেছে? তাকে পাপিষ্ঠা বলার কারণ বুঝিয়ে দাও। ২+২

*অথবা,*

(খ) "এই পত্রকে সূত্র করিয়া বিধাতা দলনী ও শৈবলিনীর অদৃষ্ট একত্র গাঁথিলেন।"— প্রসঙ্গ বিবৃত করে উদ্ধৃত অংশটির তাৎপর্য বুঝিয়ে দাও। ২+২

৪। (ক) 'শ্রীকান্ত' (১ম পর্ব) উপন্যাসের শ্রেণিবিচার করো। ১৪

*অথবা,*

(খ) 'শ্রীকান্ত' (১ম পর্ব) উপন্যাসে অন্নদাদিদি চরিত্রের অভিনবত্ব বিশ্লেষণ করো।

Please Turn Over

৫। (ক) "মড়ার কি জাত থাকে রে?"— কে, কাকে, কোন প্রসঙ্গে এই উক্তি করেছে বুঝিয়ে দাও। ১+১+২

*অথবা,*

(খ) "কোন মিথ্যাবাদী প্রচার করিয়াছে— আলোরই রূপ, আঁধারের রূপ নাই?"— তাৎপর্য বিশ্লেষণ করো। ৪

৬। (ক) "শেষের কবিতা" উপন্যাসটিকে কাব্যধর্মী উপন্যাস বলা যায় কিনা, তা বিচার করো। ১৫

*অথবা,*

(খ) "শেষের কবিতা" উপন্যাসে লাবণ্য চরিত্রের পরিচয় দাও। ১৫

৭। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও : ৫×২

(ক) "তার মুখ-ধোবার টেবিলের উপকরণ দশাননে পক্ষে ও বাহুল্য হত।"— কার কথা বলা হয়েছে? প্রসঙ্গ বিবৃত করো। ১+৪

(খ) "এনামেল করা মুখের উপর দিয় দর্ দর্ করে চোখের জল গড়িয়ে পড়তে লাগল।"— কার কথা বলা হয়েছে? চোখের জল গড়িয়ে পড়ার কারণ বুঝিয়ে লেখো। ১+৪

(গ) "একটি ছোটো চিঠি এল লাবণ্যর হাতে।"— চিঠিটি কে, কী কারণে লিখেছিলেন? ১+৪

(ঘ) "একে ঠিক সাজ বলব না, এ হচ্ছে ওর একরকমের উচ্চহাসি।"— কার প্রসঙ্গে একথা বলা হয়েছে? কোনটা 'সাজ' নয়, আর 'উচ্চহাসি'ই বা কেন, তা বুঝিয়ে লেখো। ১+৪

৮। (ক) আঞ্চলিক উপন্যাস হিসেবে "হাঁসুলী বাঁকের উপকথা" উপন্যাসের সার্থকতা বিচার করো। ১৫

*অথবা,*

(খ) 'নসুবালা' চরিত্রটি 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসের একটি অন্যতম শ্রেষ্ঠ চরিত্র।— যুক্তি-সহ আলোচনা করো।

৯। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর লেখো : ৫×২

(ক) "ক্ষমা নাই - ঘেন্না নাই, দিগম্বরীর মত হাঁক পেড়ে, শত মুখে কলকল খলখল শব্দ তুলে দিগ্‌বিদিক জ্ঞানশূন্য হয়ে ছোটে।"— কার কথা বলা হয়েছে? প্রসঙ্গ বিবৃত করো। ১+৪

(খ) "তিনি নাকি ছিলেন লক্ষ্মীমন্ত পুরুষ, আর তেমনিই নাকি ছিলেন জবরদস্ত জাঁহাবাজ বেটাছেলে, তার দাপটে নাকি বাঘে বলদে এক ঘাটে জল খেত।"— কার সম্পর্কে একথা বলা হয়েছে? বক্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৪

(গ) "তারপর হঠাৎ আক্ষেপভরা, আক্রোশভরা কণ্ঠে সে বলে উঠল, 'তুই গাঁয়ের সর্বনাশ করবি রে— তুই সব অনর্থের মূল'।"— কে, কার প্রতি এই উক্তি করেছে? উক্তিটির কারণ এবং ফলশ্রুতি বিবৃত করো। ২+৩

(ঘ) "তা হ'লে আলোই বল আর অন্ধকারই বল, সে কোপ কি এড়ানো যায়।"— কে, কার প্রতি এই উক্তি করেছে? কিসের কোপের কথা বলা হয়েছে? ২+৩

# ২০২০

## বাংলা - সাধারণ

পঞ্চম সেমেস্টার

পত্র : DSE-A-2

(বাংলা গোয়েন্দা সাহিত্য, কল্পবিজ্ঞান আশ্রয়ী রচনা এবং অলৌকিক কাহিনি)

পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

**Day 1**

১। (ক) "এই কাহিনীতে ব্যোমকেশ আছে, রহস্য আছে, খুন-জখম আছে, রহস্যভেদ আছে, তবু এটা রহস্য কাহিনী কি না ঠিক বুঝতে পারছি না।"
—'শজারুর কাঁটা'-র ভূমিকাধৃত এই বক্তব্যে লেখক শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের এ কাহিনীকে 'রহস্য কাহিনী' বলতে দ্বিধার কারণটি কাহিনী অবলম্বনে বিচার করো। ১০

*অথবা,*

(খ) শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের 'শজারুর কাঁটা'-র কাহিনী অবলম্বনে দীপা চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

২। (ক) কল্পবিজ্ঞানের কাহিনী হিসাবে প্রোফেসর শঙ্কুর ডায়েরিগুলি কতখানি সার্থক, তা যে-কোনো দুটি পাঠ্যকাহিনী অবলম্বনে বিচার করো। ১০

*অথবা,*

(খ) প্রোফেসর শঙ্কুর কোন দুটি পাঠ্যকাহিনীতে মৃতদেহে প্রাণসঞ্চারের প্রসঙ্গ রয়েছে? কিশোরমনের উপযোগী আকর্ষণীয় উপাদান ঐ কাহিনী দুটিতে কতখানি আছে তা আলোচনা করো। ২+৮

৩। (ক) "...তাঁর (লীলা মজুমদার-এর) গল্পে ভূতের চেহারা নিপাট ভালমানুষের মতন, শুধু হাবেভাবে মালুম হয় যে তারা ভূত।"
—'সব ভূতুড়ে' গ্রন্থের যে-কোনো দুটি গল্প অবলম্বনে এই মন্তব্যের যথার্থতা বিচার করো। ১০

*অথবা,*

(খ) কিশোর গ্রন্থ 'সব ভূতুড়ে' গল্পগ্রন্থে ছড়িয়ে আছে বহু কিশোর ভূত চরিত্র। এইরকম দুটি কিশোর ভূত চরিত্র আলোচনা করে দেখাও, কিশোর পাঠকদের মনের কতখানি উপযোগী হয়ে উঠেছে তারা। ১০

৪। (ক) 'দেবাশিসের জীবনযাত্রা বিয়ের আগে যেমন ছিল বিয়ের পরেও তেমনি রয়ে গেল।'
—লেখকের এহেন মন্তব্যের কারণ কী? ৫

*অথবা,*

(খ) শজারুর কাঁটা দেবাশিস ভট্ট-র হার্টকে বিঁধতে না পারার কারণ কী তা জানাও। ৫

৫। (ক) প্রোফেসর শঙ্কুর তৈরি রোবুর বর্ণনা দাও। ৫

*অথবা,*

(খ) 'প্রোফেসর শঙ্কু ও গোলক রহস্য' থেকে গোলকটির রং পরিবর্তনের বর্ণনা দাও। এই রং পরিবর্তনের সঙ্গে কীসের মিল আছে? ৩+২

৬। (ক) 'ভূতুড়ে গল্প'-তে কথকের পিসেমশাই যে বাড়িতে রাত কাটাবে বলে গিয়েছিল, সেই বাড়িটির বর্ণনা দাও। ৫

*অথবা,*

(খ) স্নেহপরায়ণ বাঙালি মহিলা চরিত্র নির্মাণে লীলা মজুমদারের কৃতিত্ব 'অহিদিদির বন্ধুরা' এবং 'বাপের ভিটে' গল্পদুটি অবলম্বনে বুঝিয়ে দাও। ৫

৭। টীকা লেখো ( *যে-কোনো একটি* )। ৫

(ক) অজিত

(খ) হিপনোজেন

(গ) গোলাবাড়ির সার্কিট হাউস।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) 'শজারুর কাঁটা' গল্পটির প্রথম প্রকাশ কত সালে?

(খ) 'শজারুর কাঁটা' গল্পে পুলিশ ইন্সপেক্টরের নাম কী?

(গ) দীপা এবং দেবাশিসের বিবাহের ঘটকালি কে করেছিল?

(ঘ) "বউদি, আপনি নিশ্চয় আসবেন, নইলে দীপার লজ্জা ভাঙবে না।"— কাকে উদ্দেশ করে একথা বলা হয়েছে?

(ঙ) 'শজারুর কাঁটা' গল্পে দেবাশিস ভট্ট-র ফ্যাক্টরির নাম কী ছিল?

(চ) 'ব্যোমযাত্রীর ডায়রি' গল্পটি কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়েছিল?

(ছ) প্রোফেসর শঙ্কুর মাইক্রোসনোগ্রাফ যন্ত্রটি কী কাজে ব্যবহার হত?

(জ) প্রোফেসর শঙ্কুর পোষা বিড়ালটির নাম কী?

(ঝ) 'প্রোফেসর শঙ্কু ও ম্যাকাও'-এ তরফদার ম্যাকাওটিকে কোথা থেকে সংগ্রহ করেছিলেন?

(ঞ) অবিনাশবাবু কে ছিলেন?

(ট) 'সব ভূতুড়ে' গল্পগ্রন্থে মোট ক-টি গল্প সংকলিত হয়েছে?

(ঠ) 'পেনেটিতে' গল্পে কথক তার যে বন্ধুদের ভয় দেখাবে বলে ঠিক করেছিল, তাদের নাম কী কী?

(ড) 'অহিদিদির বন্ধুরা' গল্পে জিব-কাটাদের দলের সর্দারের নাম কী ছিল?

(ঢ) 'স্পাই' গল্পে কোন অঞ্চলের ঘটনার কথা বলেছেন লীলা মজুমদার?

(ণ) মহারাজ নন্দকুমারের প্রাণ বাঁচানোর প্রসঙ্গ 'সব ভূতুড়ে' গল্পগ্রন্থের যে গল্পে আছে, সেই গল্পটির নাম লেখো।